

থুতু সংগ্রহ করা সম্পর্কে নির্দেশনা

অনুগ্রহ করে রিকুইজিশন ফরমটি আপনার আইনসঙ্গত তথ্য দিয়ে পূরণ করুন। আমরা এসময়ে ডাকনাম গ্রহণ করতে পারছি না।


দ্রষ্টব্য: রিকুইজিশন ফরমে লেখা আইনসঙ্গত নামের প্রথমাংশ ও শেষাংশের পাশাপাশি জন্মতারিখ অবশ্যই নমুনার লেবেলের সাথে মিলতে হবে।

নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে অন্যথায় নমুনা প্রক্রিয়া করা যাবে না।



1 আপনার নমুনা সংগ্রহ সম্পন্ন করার আগে, 30 মিনিট পর্যন্ত খাওয়া, পান করা, গাম চিবানো, ধূমপান করা অথবা ভ্যাপ নেয়া, এসব কাজ করবেন না।


- আপনার আইনসঙ্গত তথ্য দিয়ে ল্যাবরেটরির রিকুইজিশন সম্পূর্ণভাবে পূরণ করুন।



2 প্যাকেজটি ব্যাগ থেকে বের করুন এবং কাগজের তৈরি পিছনের অংশটি টেনে সরিয়ে এটি খুলুন। ভেতরে আপনি দুইটি অংশ দেখতে পাবেন – নীল রঙের তরলপূর্ণ একটি ক্যাপ এবং উপরের দিকে ফানেল লাগানো একটি কন্টেইনার।



3 থুতু গিলে না ফেলে আপনার মুখের মধ্যেই রাখুন; তারপর ফানেলযুক্ত কন্টেইনারের ভিতরে আলতোভাবে থুতু ফেলুন।



1-2 মিলিলিটার

কন্টেইনারের গায়ে "এখান পর্যন্ত থুতু ভর্তি করুন" ("SPIT TO HERE") লেখা কালো দাগটি পর্যন্ত ভর্তি করার মতো যথেষ্ট থুতু দিতে হবে!

4 'এখান পর্যন্ত থুতু ভর্তি করুন' ('spit to here') লেখা কালো দাগটি পর্যন্ত পৌঁছানোর মতো যথেষ্ট পরিমাণে থুতু দিয়ে আপনাকে কন্টেইনারটি ভর্তি করতে হবে।

থুতুতে থাকা কোনো বুদ্ধদ মোট পরিমাণের মধ্যে গণ্য করা হবে না। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে থুতু কালো দাগটি পর্যন্ত পৌঁছেছে এবং যেকোনো বুদ্ধদ দাগটির উপরে রয়েছে। এর জন্য কয়েক মিনিট সময় লাগতে পারে, তাই এই কাজটি করা অব্যাহত রাখুন।



5 আপনার পর্যাপ্ত পরিমাণে থুতু সংগ্রহ করা হয়ে গেলে, ফানেলটি ঘুরিয়ে ঘুরিয়ে খুলে ফেলুন এবং আবর্তনার বাত্রে ফেলে দিন।



নীল তরল মিশেছে

6 নীল তরলভর্তি ক্যাপটি কন্টেইনারের উপরে বসান। ক্যাপটি সঠিকভাবে লেগেছে তা নিশ্চিত করুন এবং একটি "ক্লিক" শব্দ শুনতে না পাওয়া পর্যন্ত সেটি ঘুরাতে থাকুন এবং নীল তরলটি কন্টেইনারের মধ্যে মিশে যাবে। এই ধাপে বাবা-মা অথবা কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির সহায়তা নিন।



7 সবকিছু মিশিয়ে ফেলার জন্যে কন্টেইনারটি 3-5 বার আলতোভাবে ঝাঁকিয়ে নিন।



8 আপনার আইনি নামের প্রথমাংশ ও শেষাংশের পাশাপাশি জন্মতারিখ লিখে লেবেলটি পূরণ করুন এবং থুতুর নমুনার কন্টেইনারের দেহা বরাবর লাগিয়ে দিন।



9 আপনার লেবেলকৃত থুতুর নমুনা এটির সাথে দেয়া ব্যাগের মধ্যে রাখুন। আপনার পূরণকৃত রিকুইজিশন ফরম ব্যাগের বাইরের পকেটে রাখুন। থুতুর নমুনা সংগ্রহ করার 24 ঘন্টার মধ্যে অনুগ্রহ করে সেটি আপনার জন্য যথাযথ জায়গায় পৌঁছে দিন। এটি কক্ষ তাপমাত্রায় সংরক্ষণ করা যাবে, ফ্রিজে রাখার প্রয়োজন নেই।



আরো তথ্য এবং ছোট শিশুদের জন্য মজার টিপস পাওয়ার জন্য আমাদের থুতু সম্পর্কিত ভিডিও দেখতে QR কোডটি স্ক্যান করুন অথবা ভিজিট করুন: <https://youtu.be/Ru-vFZdlmes>

কিভাবে স্ক্যান করবেন: আপনার ফোনের ক্যামেরা খুলুন, এটিকে কোডের দিকে তাক করুন, দেখা যাওয়া ব্যানারে ট্যাপ করুন।

SickKids®